দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 28 MAY 1995 ...
পৃষ্ঠা ২ কলাম ৫ ...

29

# ইসলামী বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বাংলাদেশ ছাত্রলীগ (শা-পা) ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়াসহ রাজনৈতিক নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানিয়েছে। সংগঠন নেতৃবৃন্দ সাবেক উপাচার্যের দুর্নীতির শ্বেতপত্র প্রকাশের দাবি জানান।

শনিবার সংগঠন আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এসব দাবি জানানো হয়। বিকাল পাঁচটায় ঢাকা বিশ্ববিদ্যালয় মধুর ক্যান্টিনে এ সাংবাদিক সম্মেলনে অনুষ্ঠিত হয়। এতে সংগঠনের পক্ষ থেকে সাত দফা দাবি লিখিতভাবে উথাপন করা হয়। এগুলো পূরণের লক্ষ্যে ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ পক্ষকালব্যাপী মিছিল, সমাবেশ, স্মারকলিপি পেশ ও গণসংযোগ কর্মসূচী গ্রহণ করেছে।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি আফছার আলী। উপস্থিত ছিলেন এনামুল হক শামীম, আবু সাঈদ আল মাহমুদ স্বপন, বাহাদুর ব্যাপারী, আব্দুল ওয়াদুদ খোকন, মীর জিল্লুর রহমান প্রমুখ।

লিখিত বক্তব্যে বলা হয়, প্রগতিশীল ছাত্র সংগঠনসমূহের দুর্বার আন্দোলনের প্রেক্ষিতে জামায়াতের আশীর্বাদপুষ্ট উপাচার্য ডঃ এমএ হামিদ রাতের আঁধারে ক্যাম্পাস ছাড়তে বাধ্য হয়েছেন। এ ঘটনার পর জামায়াতপন্থী শিক্ষক ও ছাত্রশিবির কর্মীরা ক্যাম্পাস অচল করার পাঁয়তারা চালাচ্ছে। এতে আরও অভিযোগ করা হয়, ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস করে জামায়াতপন্থী শিক্ষকরা শিবির সমর্থকদের ভর্তির অপচেষ্টা চালায়।

সাংবাদিক সম্মেলনে প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে গঠিত তদন্ত কমিটির রিপোর্ট প্রকাশ, ছাত্রশিবিরের খুনী চক্রকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার, রাজনৈতিক কর্মকাণ্ডের ওপর থেকে নিষেধাজ্ঞা প্রত্যাহার এবং আহত ও ক্ষতিগ্রস্ত ছাত্রদের আর্থিক ক্ষতিপূরণ প্রদানের দাবি জানানো হয়।